



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮
website: www.comillaboard.gov.bd. E-mail: info@comillaboard.gov.bd.



বিজ্ঞপ্তি নং- ২৮২


তারিখ: ৩১/৭/২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকযুক্ত মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে, অষ্টম ও নবম শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডে বিভিন্ন প্রকার আক্ষরিক সংশোধনের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত সরাসরি বোর্ডে আবেদন দাখিলের পরিবর্তে অনলাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে চলমান শিক্ষাবর্ষের অষ্টম ও নবম শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডে ছবি পরিবর্তন, নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি সংশোধন এবং এর ফেশ কপি এবং নবম শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডে বিষয় ও বিভাগ সংশোধন এবং এর ফেশ কপি প্রাপ্তির ক্ষেত্রে প্রধান শিক্ষকগণ অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করবেন। এ প্রক্রিয়াটি সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশন কার্ড বিতরণের পর থেকে ফলাফল প্রকাশের পূর্ব পর্যন্ত চলমান থাকবে। প্রতিটি আবেদনের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা ফি জমা প্রদান করতে হবে।

বিঃদ্র: কুমিল্লা বোর্ডের ওয়েব সাইটে বিদ্যালয় কর্নারে আক্ষরিক সংশোধন আইকনটি পাওয়া যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে




বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা

ফোন নং-০২৩৩৪৪০২৭৬০


তারিখ: ৩১/৭/২০২২



স্মারক নং- ২০২(২২০০)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
২. এ বোর্ডের সকল কর্মকর্তা
৩. এ বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্ট
৪. পিএটু চেয়ারম্যান, বিষয়টি চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য
৫. এ বোর্ডের সকল সেকশন অফিসার ও সমপর্যায়ের কর্মচারীবৃন্দ
৬. সংশ্লিষ্ট নথি



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা

ফোন নং-০২৩৩৪৪০২৭৬০

